দৈনিক ইত্তেফাক
সোমবার, ৯ বৈশাখ ১৪৩১
২২ এপ্রিল ২০২৪

# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ২৭.২৬.০০০০.০০৫.০৩.০০৩.২৪.৬৭

তারিখঃ ২১/০৪/২০২৪খ্রিঃ

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে বিদ্যুৎ উৎপাদন কাজে নিয়োজিত রয়েছে। আরপিসিএল এ নিম্নেবর্ণিত পদসমূহে সরাসরি প্রক্রিয়ায় লোকবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রম | পদেরনাম, বেতন-ভাতাদি, পদসংখ্যা ও বয়স | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|
| ১। | ইলেকট্রিশিয়ান (গ্রেড-৩), পে গ্রেড-১৪<br>মূল বেতন-২৩,০০০.০০<br>বিধি মোতাবেক অন্যান্য ভাতা ও সুবিধাদি<br>পদ সংখ্যাঃ ০২, বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেড এ এইচ.এস.সি ভোকেশনাল পাস।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে গৃহিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ২.৫ থাকতে হবে। |
| ২। | ওয়েল্ডার (গ্রেড-৩), পে গ্রেড-১৪<br>মূল বেতন-২৩,০০০.০০<br>বিধি মোতাবেক অন্যান্য ভাতা ও সুবিধাদি<br>পদ সংখ্যাঃ ০২, বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেড এ এইচ.এস.সি ভোকেশনাল পাস।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে গৃহিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ২.৫ থাকতে হবে। |
| ৩। | পেইন্টার (গ্রেড-৩), পে গ্রেড-১৪<br>মূল বেতন-২৩,০০০.০০<br>বিধি মোতাবেক অন্যান্য ভাতা ও সুবিধাদি<br>পদ সংখ্যাঃ ০৩, বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেড এ এইচ.এস.সি ভোকেশনাল পাস।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে গৃহিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ২.৫ থাকতে হবে। |
| ৪। | ওয়ার্ক এ্যাসিসটেন্ট (গ্রেড-৪), পে গ্রেড-১৭<br>মূল বেতন-১৭,০০০.০০<br>বিধি মোতাবেক অন্যান্য ভাতা ও সুবিধাদি<br>পদ সংখ্যাঃ ০৭, বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর | বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে এস.এস.সি ভোকেশনাল পাস অথবা ০৩ (তিন) বছরের কর্মঅভিজ্ঞতাসহ যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ইনস্টিটিউট থেকে এস.এস.সি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। পাওয়ার প্ল্যান্ট পরিচালন ও রক্ষনাবেক্ষন কাজে অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৫। | হেলপার, পে গ্রেড-২০<br>মূল বেতন-১৪,০০০.০০<br>ও বিধি মোতাবেক অন্যান্য ভাতা ও সুবিধাদি<br>পদ সংখ্যাঃ ০৬, বয়সঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর | যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ইনস্টিটিউট থেকে জেএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং শারিরীকভাবে সুস্থ। অভিজ্ঞতাসম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে। পাওয়ার প্ল্যান্ট পরিচালন ও রক্ষনাবেক্ষন কাজে অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলীঃ**

| | |
|---|---|
| ক। | আগ্রহী প্রার্থীগণকে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ওয়েবসাইট (**www.rpcl.gov.bd**) এ আপলোডকৃত নির্ধারিত আবেদন ফরমে A4 সাইজ কাগজে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোন ফরমে আবেদন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। |
| খ। | অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র অথবা আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে, প্রার্থী বাছাই/নির্বাচনী প্রক্রিয়া অর্থাৎ লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। |
| গ। | নির্ধারিত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতঃ ১৩/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা), 'মানব সম্পদ ও প্রশাসন বিভাগ, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল), এশিয়ান টাওয়ার (৫ম তলা), প্লট # ৫২, রোড # ২১, এয়ারপোর্ট রোড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯' এ ঠিকানায় পৌছাতে হবে। খামের উপর আবেদনকৃত পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। |
| ঘ। | আবেদন ফরম এর সাথে অবশ্যই নিম্নোক্ত সনদ ও কাগজপত্রাদির কপি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ (১) যে কোন তফসিলি ব্যাংক হতে "রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড" এর অনুকূলে ৩০০.০০ (তিন শত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), (২) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, (৩) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, (৪) জাতীয় পরিচয়পত্র/ জন্মসনদ (৫) স্থায়ী ঠিকানার বিপরীতে স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (৬) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা'র সন্তান/সন্তানের সন্তান হলে তার পিতা/মাতা অথবা পিতামহ/মাতামহ এর অনুকূলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের কপি এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক নির্ণায়ক প্রত্যয়নপত্র। |
| ঙ। | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর (১৩/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত)। |
| চ। | বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। |
| ছ। | সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অথবা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন প্রকার অগ্রিম কপি গ্রহণ করা হবে না। |
| জ। | শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে চাহিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের জন্য পরীক্ষায় অবতীর্ণ (এ্যাপিয়ার্ড) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ঝ। | আবেদনকারীর চাকুরী প্রাপ্তির জন্য যে কোন প্রকার তদবীর বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে। |
| ঞ। | নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) অঃ দাঃ
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড